

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 09-01-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Governor-Holicross school :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু শিক্ষা ব্যবস্থায় মূল্যবোধ, নৈতিকতা এবং সংস্কৃতির বিকাশকে অগ্রাধিকার দেবার আহ্বান জানিয়েছেন। গতকাল আগরতলায় হলিক্রস স্কুলে নতুন ভবনের উদ্বোধন করে তিনি বলেন, দ্রুত প্রযুক্তিগত অগ্রগতির এই যুগে ডিজিটাল প্রযুক্তি দ্বারা উপস্থাপিত সুযোগ এবং চ্যালেঞ্জ সম্পর্কে সচেতন হতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হলিক্রস স্কুলের অধ্যক্ষ ফাদার জিলসন টম, উদ্বোধনী পর্বের পর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে ছাত্রছাত্রীরা।

PMJAY :

আয়ুষ্স্বান ভারত প্রকল্পে প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় গত ৩১ ডিসেম্বর পর্যন্ত রাজ্যে সুবিধাভোগীর সংখ্যা ৩ লক্ষ ৯২ হাজার ৯৬৮ জন। তারমধ্যে চিকিৎসা পরিষেবার দাবি নিষ্পত্তি হয়েছে ২ লক্ষ ৬৪ হাজার ৮ জন সুবিধাভোগীর। তাতে ব্যয় হয়েছে ২১১ কোটি ৫৬ লক্ষ টাকা। রাজ্যে আট জেলার মধ্যে সবচেয়ে বেশি সুবিধাভোগীর সংখ্যা পশ্চিম জেলায়। এই জেলায় এক লক্ষ ১৯ হাজার ৩১১ জন সুবিধাভোগী। তারমধ্যে চিকিৎসা পরিষেবায় দাবি নিষ্পত্তি হয়েছে ৫৯ হাজার ৭৯০ জনের। প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় রাজ্যের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ডা: শুভেন্দু দেববর্মা গতকাল আকাশবাণীর প্রতিনিধিকে এসংবাদ জানান। তিনি জানান, মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় গত ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যে সুবিধাভোগীর

সংখ্যা ২৩ হাজার ৩২৬ জন। তারমধ্যে ১০ হাজার ৭১৭ জনের চিকিৎসা পরিষেবার দাবি নিষ্পত্তি হয়েছে। তাতে সরকারের ব্যয় হয়েছে ৮ কোটি ২২ লক্ষ টাকা। ডা: দেববর্মা জানান, রাজ্যে ১৩৬টি হাসপাতাল প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় অন্তর্ভুক্ত। এরমধ্যে পাঁচটি হাসপাতাল বেসরকারি।

ONOE :

‘এক দেশ এক নির্বাচন’ বিল সংক্রান্ত যৌথ সংসদীয় কমিটির প্রথম বৈঠক গতকাল নতুনদিল্লিতে অনুষ্ঠিত হয়। এই দুটি বিল হল, ১২৯তম সংবিধান সংশোধনী বিল ২০২৪ এবং কেন্দ্রশাসিত অঞ্চল আইন সংশোধনী বিল, ২০২৪। কমিটির চেয়ারপার্সন, বিজেপি সাংসদ, পিপি চৌধুরী সাংবাদিকদের বলেছেন, কমিটি আইন বিশেষজ্ঞ, সুশীল সমাজের সদস্য, বিচার বিভাগ বা রাজনৈতিক দল সহ সকল অংশীদারদের কাছ থেকে মতামত নিয়ে পরবর্তী কার্যক্রমের সিদ্ধান্ত নেবে। উল্লেখ্য, ৩৯ সদস্যের কমিটিতে লোকসভা থেকে ২৭ জন সদস্য এবং রাজ্যসভা থেকে ১২ জন সদস্য রয়েছেন। আগামী সংসদ অধিবেশনের শেষ সপ্তাহের প্রথম দিনে কমিটি তাদের প্রতিবেদন জমা দেবে।

স্বাস্থ্য শিবির:

বীর সন্ন্যাসী স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষ্যে রাজধানীর শহর দক্ষিণাঞ্চলের স্বামী বিবেকানন্দ ক্লাবের উদ্যোগে গতকাল এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এতে এলাকার ৯৮ জন নাগরিক পরিসেবা গ্রহন করেন। অল ত্রিপুরা ক্যামিস্ট এন্ড ড্রাগিস্ট এসোসিয়েশনের সহায়তায় এই শিবিরে স্বাস্থ্য পরীক্ষায় পর বিনামূল্যে অষুধও বিতরণ করা হয়।

courtsey Meet :

সদ্য পদোন্নতিপ্রাপ্ত রাজ্যের IAS আধিকারিকরা আজ আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে এক সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। মুখ্যমন্ত্রী তাদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

Ayushman Arogya Camp-South :

সাব্বরুম মহকুমার কলাছড়ায় গতকাল আয়ুস্মান আরোগ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ৩৬ জন রোগীর রক্তচাপ সহ বিভিন্ন রক্ত পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ প্রদান করা হয়। কলাছড়া আয়ুস্মান আরোগ্য মন্দিরের আশা ও স্বাস্থ্যকর্মীরা রোগীদের পরিষেবা প্রদান করেন।

PRAYAS Meeting-South :

গতকাল দক্ষিণ জেলার বাইখোড়া থানা এলাকার লক্ষীছড়া এডিসি ভিলেজের রাইপাড়ায় প্রয়াস কর্মসূচিতে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় বাইখোড়া থানার এসআই কমলেশ দেববর্মা নেশা ও পণপ্রথার কুফল সম্পর্কে সবাইকে সচেতন থাকার আবেদন জানান। ব্রু সংগ্রামা মথা-র সাধারণ সম্পাদক খনারাম রিয়াং সহ রিয়াং সমাজের সমাজপতিরাও সভায় উপস্থিত ছিলেন।

BJP Press Meet :

আগামী ১১ই জানুয়ারি গণমুক্তি পরিষদের রাজভবন অভিযান কর্মসূচির বিরোধিতা করেছে বিজেপি জনজাতি মোর্চা। গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে জনজাতি মোর্চার সহ-সভাপতি তথা এমডিসি বিদ্যুৎ দেববর্মা বলেন, রাজভবন অভিযানের প্রয়োজন নেই যেহেতু রাজ্য সরকার জনজাতিদের স্বার্থে সমস্ত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়িত করছে। জনজাতিদের

স্বার্থে বহু দাবি দাওয়া রাজ্য সরকার ইতিমধ্যে পূরণ করেছে বলে
শ্রী দেববর্মা জানান ।

Women's Cricket :

অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটের একদিনের সীমিত
ওভারের আসরে গ্রুপের তৃতীয় ম্যাচে ত্রিপুরা পরাজিত হয়েছে।
আজ নাগপুরে অনুষ্ঠিত খেলায় হিমাচল প্রদেশ ৯ উইকেটে
রাজ্যদলকে হারিয়ে দেয়।

সদর ১৩ ক্রিকেট:

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট
প্রতিযোগিতার গতকাল চারটি খেলা হয়। এতে নরসিংগড়ের
পঞ্চায়েত মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার ৫ উইকেটে এ ডি
নগর কোচিং সেন্টারকে, নেপকো মাঠে জুয়েলস কোচিং সেন্টার
১০০ রানে শতদল সংঘ কোচিং সেন্টারকে, বি কে এন ভি মাঠে
এগিয়ে চলো সংঘ ৮ উইকেটে তরুন সংঘ কোচিং সেন্টারকে
এবং আশ্বেদকর স্কুল মাঠে দশমীঘাট কোচিং সেন্টার ২ উইকেটে
পোলস্টার ক্লাবকে পরাজিত করে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কুয়াশা
পড়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ১১.৬ ডিগ্রি
সেলসিয়াস ছিল । আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২১ ডিগ্রি
সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি
থাকবে ।

* * * * *

* * * * *